

# আন্তর্জাতিক যুব দিবস উপলক্ষ্যে জাতিসংঘ মহাসচিব কফি আনানের বাণী

১২ আগস্ট ২০০৬

এ বছর আন্তর্জাতিক যুব দিবসের প্রতিপাদ্য হল ‘দারিদ্র্য মোকাবেলায় সম্মিলিত প্রচেষ্টা: যুব সমাজ ও দারিদ্র্য বিমোচন’।

বিশ্বের যুব জনগোষ্ঠীর সংখ্যা প্রায় ১০০ কোটি এবং তারা উন্নয়নের জন্য প্রধান মানবসম্পদ। তারাই হতে পারে উদ্ভাবন ও ইতিবাচক সামাজিক পরিবর্তনের মূল নায়ক। কিন্তু যুব সম্প্রদায়ের দারিদ্র্যের কারণে সে সম্ভাবনা আজ স্তিমিত হয়ে যাচ্ছে। প্রাচুর্যে ভরা এ পৃথিবীতে ১৫ থেকে ২৪ বছর বয়সী তরুণ তরুণীদের মধ্যে প্রতি ৫ জনে একজন এক ডলারেরও কম অর্থে জীবন ধারণ করে এবং যুব সম্প্রদায়ের প্রায় অর্ধেক দৈনিক মাত্র দুই ডলারে জীবন পরিচালনা করে।

যুব সম্প্রদায় বিশ্বের শ্রমশক্তির এক চতুর্থাংশ হলেও তাদের প্রায় অর্ধেকই বেকার। উচ্চশিক্ষিত না হলে শ্রমবাজারে স্থায়ী ভাল চাকুরি পাওয়া যুব সমাজের জন্য বেশ কঠিন। সম্মানজনক কাজের অভাবে বিশেষভাবে যুবসমাজ দারিদ্র্যের কবলে পড়ছে এবং শিক্ষা ও মৌলিক স্বাস্থ্যসেবা থেকে বঞ্চিত হচ্ছে। ফলে তাদের নিয়োগযোগ্যতা আরো হ্রাস পাচ্ছে। দীর্ঘমেয়াদে এসব পিছিয়ে পড়া তরুণেরা অগ্রগতি অর্জনের পথে আরো অনেক বাধার সম্মুখীন হয় এবং দীর্ঘমেয়াদী স্থিতিশীল জীবিকার মাধ্যমে মানুষ যেসব সম্পদ অর্জন করে তা থেকেও তারা বঞ্চিত হয়। যেমন: সম্পদ অর্জন, শক্তিশালী সামাজিক নেটওয়ার্ক এবং পরিবার ও সমাজে সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা ইত্যাদি।

আমাদের লক্ষ্য অত্যন্ত স্পষ্ট: আমাদেরকে শিক্ষার ওপর, বিশেষত লেখাপড়ার সমাপ্তি ও চাকুরি লাভের অন্তবর্তী সময়ের ওপর বিশেষ দৃষ্টি দিতে হবে। দারিদ্র্য বিমোচন নীতিমালাসহ জাতীয় উন্নয়ন কোর্সলের প্রধান লক্ষ্য হওয়া উচিত প্রতিটি তরুণের জন্য পূর্ণকালীন উৎপাদনশীল কাজের ব্যবস্থা করা।

বিশেষজ্ঞরা যাকে বলছেন দারিদ্র্যের বিশ্বায়ন তা আন্তর্জাতিক সম্প্রদায় উপলব্ধি করতে সক্ষম হয়েছেন এবং একে ১৯৯৫ সনে প্রণীত তরুণদের জন্য ‘বিশ্ব কর্মপরিকল্পনায়’ বিশেষ অগ্রাধিকার দেয়া হয়েছে। এ কর্মপরিকল্পনা সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্য অর্জন ও দারিদ্র্য বিমোচনের আন্তর্জাতিক প্রচেষ্টায় তরুণ সমাজের সম অংশীদারিত্বের কথা বলা হয়েছে। ২০০৫ বিশ্ব শীর্ষ সম্মেলন উন্নয়ন কর্মকাণ্ডের প্রতি সরকারের অঙ্গীকারকে আরো জোরালো করেছে। এ সম্মেলন তরুণদের স্বার্থসংশি-স্ট বিষয়ে সম্পৃক্ত হওয়ার এক নতুন সুযোগ এনে দিয়েছে। আসুন আমরা আন্তর্জাতিক যুব দিবসে এ সুযোগকে কাজে লাগিয়ে আমাদের সকলের মঞ্জলের জন্য তরুণ সমাজের অমিত সম্ভাবনার বিকাশে আমাদের প্রচেষ্টাকে দ্বিগুন জোরদার করি।

\*\* \*\* \*